

**মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, বরিশালের প্রশিক্ষণ কার্যক্রম
পরিচালনা ও উন্নয়ন সংক্রান্ত মাসিক সভার কার্যবিবরণী**

সভাপতি : মোঃ সোহরাব হোসেন
পরিচালক (উপসচিব)
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
বিভাগীয় কার্যালয়, বরিশাল

সভার স্থান : পরিচালক ঐর অফিস কক্ষ
তারিখ : ০৩-১০-২০২১ খ্রি.
সময় : বেলা ১১.০০ টা

সভায় উপস্থিত কর্মকর্তা / কর্মচারী:

১. জনাব সঞ্জীব কুমার সরকার, কল্যাণ অফিসার, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বরিশাল
২. জনাব মোঃ খান জাহান আলী, কম্পিউটার অপারেটর, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বরিশাল
৩. জনাব শামীমা নাসরিন বুনা, কম্পিউটার প্রশিক্ষিকা, মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, বরিশাল
৪. জনাব শামীমা আক্তার, দর্জি বিজ্ঞান প্রশিক্ষিকা, মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, বরিশাল
৫. জনাব নিপা আক্তার, ব্লক-বুটিক প্রশিক্ষিকা, মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, বরিশাল
৬. জনাব ইসরাত জাহান সুমি, বিউটিফিকেশন প্রশিক্ষিকা, মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, বরিশাল

সভার শুরুতে সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর আজকের আলোচ্যসূচি অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

আলোচনাঃ

১. মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে ২০২১-২০২২ অর্থবছরের সকল সেশনে প্রোগ্রেসিভ হারে ছাত্রী ভর্তি সম্পন্ন করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিশেষ করে শিক্ষা প্রতিষ্ঠান খোলার কারণে ছাত্রী ভর্তি আবশ্যিকভাবে বৃদ্ধির বিষয়ে আলোচনা হয়।
২. প্রশিক্ষণ কেন্দ্রের প্রশিক্ষণ বিষয়ে বহুল প্রচার এবং কেন্দ্রটি দৃষ্টিভঙ্গন করার বিষয়ে আলোচনা করা হয়।
৩. প্রশিক্ষণ কেন্দ্র হতে পাশকৃত ছাত্রীদের সনদপত্র নিখুঁতভাবে লেখার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।
৪. প্রশিক্ষণ কেন্দ্রে যন্ত্রপাতি, ইন্টারনেট, স্টেশনারী ব্যবহারে যত্নশীল হওয়ার বিষয়ে আলোচনা করা হয়।
৫. কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রটির পরিষ্কার-পরিচ্ছন্নতার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।


সিদ্ধান্তঃ

১. মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে ২০২১-২০২২ অর্থবছরের সকল সেশনে প্রোগ্রেসিভ হারে বৃদ্ধি করে ছাত্রী ভর্তি সম্পন্ন করতে হবে। এছাড়া শিক্ষাপ্রতিষ্ঠান খোলার কারণে ইতোপূর্বে দেওয়া লক্ষ্যমাত্রা অনুসারে আবশ্যিকভাবে ছাত্রী ভর্তি সম্পন্ন করতে হবে।
২. পাশকৃত ছাত্রীদের সনদপত্র লিখে দ্রুত কর্তৃপক্ষের স্বাক্ষরের জন্য উপস্থাপন করতে হবে।
৩. প্রশিক্ষণ কেন্দ্রের যন্ত্রপাতি, ইন্টারনেট, স্টেশনারী ব্যবহারে যত্নশীল হতে হবে।
৪. কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রটি সবসময় পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে।
৫. এপিএ ২০২১-২০২২ অনুসারে প্রদত্ত লক্ষ্যমাত্রা অনুসারে ছাত্রী ভর্তি করতে না পারলে পরবর্তীতে ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সকল প্রশিক্ষিকাকে কঠোরভাবে জানানো হয়। এজন্য তাদেরকে অফিস সময়ের পরে হোম ভিজিট এবং প্রতিষ্ঠান ভিজিট করে মহিলাদের মাঝে প্রচারণা বৃদ্ধির জন্য নির্দেশনা প্রদান করা হয়।

বাস্তবায়নে:

১. কল্যাণ অফিসার, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বরিশাল।
২. সকল প্রশিক্ষিকা, মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, বরিশাল।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



 ২০.১০.২০২০
 মোঃ সোহরাব হোসেন
 পরিচালক (উপসচিব)
 ফোন নম্বর: ০২৪৭৮৮৬৪৭৪০

নম্বর-০৫.৮১.০০০০.০০৮.৩৯.০৮০.১৮-২০৯/৩(১)

তারিখঃ ১১-১০-২০২১ খ্রি.

অনুলিপিঃ (সদয় অবগতি ও জ্ঞাতার্থে)

১. মহাপরিচালক (সচিব), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
২. পরিচালক (উন্নয়ন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. প্রশিক্ষিকা (সকল), মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, বরিশাল।


 ২০.১০.২১
 সঞ্জীব কুমার সরকার
 কল্যাণ অফিসার
 ফোন নম্বর: ০২৪৭৮৮৬৪০২৬